গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২২.১৯

তারিখ: ১ মাঘ ১৪৩০
১৫ জানুয়ারি ২০২৪

বিষয়: **মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ দায়েরকৃত মামলা (রিট পিটিশন নং-১৪২৩৬/২০২৩) বিধি মোতাবেক পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কলেজের অধ্যক্ষ নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ব্যবস্থা গ্রহণের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র: নং	রিট পিটিশনের		বাদীর নাম ও ঠিকানা	বিবাদীগণ	আদালতের আদেশ/রায়	পরিচালনা কর্তৃপক্ষ
	নম্বর	বিষয়				
১	১৪২৩৬/২০২৩	গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন 'মিজানুর রহমান খান ডিগ্রি মহিলা কলেজ' এর অধ্যক্ষ নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।	জনাব শেখ নাজমা আখতার, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), মিজানুর রহমান খান ডিগ্রি মহিলা কলেজ, শ্রীপুর, গাজীপুর।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ মোট ০৮ (আট) জন।	"Pending hearing of the Rule, the respondent No.2 is directed to dispose of the application dated 01.11.2023 as evident from (Annexure-G) within 60 (sixty) days from the date of receipt of the copy of this order, in accordance with law."	রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ-এর রিট পিটিশন নং-১৪২৩৬/২০২৩ মামলার আদেশ/রায়ের আলোকে বাদীর আবেদন বিধি মোতাবেক পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মামলাটি ডাটাবেইজে এন্ট্রি করে মহামান্য হাইকোর্ট বিভাগ এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১৫-১-২০২৪
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব
ফোন: ৫৫১০১১৬৯
ইমেইল: law.section1@shed.gov.bd

রেজিস্ট্রার
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২২.১৯/১(৩)

তারিখ: ১ মাঘ ১৪৩০
১৫ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

১৫-১-২০২৪
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব